



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৮.১৭-৬০৬

তারিখঃ ১১/০৫/২০১৭ খ্রিঃ

### অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত)' প্রকল্পভুক্ত নড়াইল জেলার সদর উপজেলার মাঠ সংগঠক জনাব মোঃ নূর হেলালকে স্মারক নং-১৫৯ তারিখ: ২৩/০৩/২০১৭ খ্রিস্টাব্দ মূলে সাময়িক বরখাস্ত করা হয়। হস্তমজুদ সংক্রান্ত বিষয়ে তার কোন অসৎ উদ্দেশ্য প্রমানিত না হওয়ায় এবং এ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের সুপারিশ থাকায় নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণপূর্বক বর্ণিত শর্তে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলোঃ

- ক) তিরস্কার করে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলায় বদলি করা হলো;
- খ) পদায়নকৃত উপজেলায় তার কার্যক্রম ০২(দুই) মাস পর্যবেক্ষণে রাখা হবে এবং পর্যবেক্ষণকালীন সময়ে কার্যক্রম অগ্রগতি সন্তোষজনক পর্যায়ে উন্নীত না হলে এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে কারণ দর্শানো ব্যতিরেকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হবে।

  
মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা  
উপপ্রকল্প পরিচালক  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব মোঃ নূর হেলাল, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ সদর জেলা: নড়াইল। (সাময়িক বরখাস্তকৃত)
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ নড়াইল সদর/বাবুগঞ্জ, জেলাঃ নড়াইল/বরিশাল।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ নড়াইল সদর/বাবুগঞ্জ, জেলাঃ নড়াইল/বরিশাল।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল/বরিশাল।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।